

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৮৫-আইন/২০২৫/৩১৩-মুসক।- জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (ন্যায্য বাজারমূল্য নির্ধারণ) বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার-

(১) বিধি ৩ এর উপ-বিধি (১) এর-

(অ) দফা (খ) এ উল্লিখিত “১০ (দশ)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “৭.৫ (সাত দশমিক পাঁচ)” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) দফা (গ) এ উল্লিখিত “১০ (দশ)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “৭.৫ (সাত দশমিক পাঁচ)” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ৭ এর দফা (ঝ) এ উল্লিখিত “বিল-অব-এন্ট্রি” শব্দগুলি ও চিহ্নের পরিবর্তে “পণ্য ঘোষণা” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(ব্যারিস্টার মো: বদরুজ্জামান মুন্সী)
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)